

নম্বর-৩০.৩২.০০০০.০২১.১৮.১৫৭.২০১৪/৪২৮


তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক পরিচালিত বিভিন্ন হোটেল, মোটেল ও বাণিজ্যিক স্থাপনায় নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন ও প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো:

- ১) সংস্থার প্রতিটি ইউনিটে আর্থিক নিরাপত্তার স্বার্থে অভ্যর্থনা কাউন্টারের লকার/ ভোল্ট/ সিন্দুক থাকবে যা সরাসরি ইউনিট ব্যবস্থাপকের নিয়ন্ত্রণে পরিচালনা করতে হবে;
- ২) সংস্থার প্রতিটি ইউনিটে আর্থিক নিরাপত্তার স্বার্থে দৈনন্দিন বিক্রয়লব্দ অর্থ সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে এবং রেজিস্টারে ইউনিট ব্যবস্থাপকের প্রত্যয়ন গ্রহণ করতে হবে। ইউনিটে কর্মরত হিসাব রক্ষক/হিসাব রক্ষণ কর্মকর্তা ও ইউনিট ব্যবস্থাপক দৈনন্দিন বিক্রয়লব্দ অর্থ সংশ্লিষ্ট রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে কিনা, তা প্রত্যক্ষভাবে তদারকি করবেন এবং সংশ্লিষ্ট রেজিস্টারে অনুস্বাক্ষর করবেন;
- ৩) সংস্থার আর্থিক বিধির আলোকে দৈনিক বিক্রিত অর্থ যথানিয়মে ও আবশ্যিকভাবে পরবর্তী কার্যদিবসে সংস্থার ব্যাংক হিসাবে জমা প্রদান করে রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে এবং ইউনিট ব্যবস্থাপকের প্রত্যয়ন গ্রহণ করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



(মোহাম্মদ শওকত ওসমান)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ফোন: +৮৮-০২ ৪১০২৪১৯৯ (অফিস)
email: gm-admin@parjatan.gov.bd

নম্বর-৩০.৩২.০০০০.০২১.১৮.১৫৭.২০১৪/৪২৮

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাসন/অর্থ/বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা;
২. মহাব্যবস্থাপক, ----- (সকল), বাপক;
৩. অধ্যক্ষ, এনএইচটিআই, বাপক, ঢাকা;
৪. ব্যবস্থাপক (আইসিটি), বাপক, ঢাকা- ওয়েবসাইটে প্রকাশের জন্য;
৫. ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক----- (সকল), বাপক;
৬. চেয়ারম্যান এর একান্ত সচিব, বাপক, ঢাকা--চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য;
৭. অফিস কপি;


(মোহাম্মদ অহসানুল কবীর)
ব্যবস্থাপক (প্রশাসন)